



বাংলাদেশ দূতাবাস

এথেস, গ্রিস

প্রেস বিজ্ঞপ্তি: কূটনীতিক ও বিদেশী বন্ধুদের উপস্থিতিতে মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনায় গ্রিসে উদ্ব্যাপিত হলো বাংলাদেশ উৎসব


জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী(মুজিববর্ষ) ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্ব্যাপনের অংশ হিসেবে গ্রিসের এথেসে অবস্থিত বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণে ব্যাপক আনন্দ ও উদ্দীপনার সাথে অনুষ্ঠিত হলো জমকালো বাংলাদেশ উৎসব-২০২১। ২৪ অক্টোবর ২০২১, রবিবার সাপ্তাহিক ছুটির দিনে দূতাবাস প্রাঙ্গণে বাংলাদেশ উৎসব উদ্ব্যাপনের লক্ষ্যে দুপুর থেকেই সাংস্কৃতিক অনুষ্ঠান, বাংলাদেশি খাবার ও ঐতিহ্যবাহী বাংলাদেশি পণ্যের সমারোহে বাংলাদেশ দূতাবাস পরিণত হয় মিনি বাংলাদেশে। এথেস ও এর নিকটবর্তী শহরসমূহ থেকে আগত শতশত বাংলাদেশি সপরিবারে এই উৎসবে অংশগ্রহণ করেন।

গ্রিসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আসুদ আহমেদ বিদেশী বন্ধু ও প্রবাসী বাংলাদেশীদের উপস্থিতিতে বেলা ২ ঘটিকায় দূতাবাস প্রাঙ্গণে বাংলাদেশ উৎসবের উদ্বোধন করেন। এই দিন দুপুর থেকেই দূতাবাস প্রাঙ্গণে প্রবাসী বাংলাদেশিগণ ভিড় জমাতে থাকেন। বাংলাদেশি পরিবার, নারী-পুরুষ, ছাত্র-ছাত্রী, শিশু-কিশোরসহ সর্বস্তরের বাংলাদেশিগণ এবং দূতাবাসের সদস্যরা বাংলাদেশের ঐতিহ্যবাহী লোকজ পোষাকে সজ্জিত হয়ে বাংলাদেশ উৎসবে অংশগ্রহণ করেন। মুজিববর্ষ ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্ব্যাপনের লক্ষ্যে আয়োজিত বাংলাদেশ উৎসবে আমন্ত্রিত অতিথি হিসেবে ভারত, থাইল্যান্ড, অস্ট্রেলিয়া, ভিয়েতনাম, যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও বিভিন্ন পর্যায়ের কূটনীতিকসহ স্থানীয় গ্রিক বুদ্ধিজীবীরা অংশগ্রহণ করেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে দূতাবাসের সদস্যবৃন্দ, স্থানীয় দোয়েল সাংস্কৃতিক সংগঠনের শিল্পীবৃন্দ, এথেসের দু'টি বাংলা স্কুল, দোয়েল একাডেমি ও বাংলা-গ্রিক এডুকেশন সেন্টারের শিক্ষার্থীসহ বাংলাদেশি শিশু-কিশোররা বাংলাদেশের সংগীত, কবিতা, নৃত্য ইত্যাদি পরিবেশন করেন। শতশত নারী-পুরুষের ও শিশু-কিশোরের কলকাকলিতে মুখরিত হয় দূতাবাস এবং সৃষ্টি হয় এক বর্ণিল মনোরম পরিবেশের। উৎসবে আগমনকারীরা বিভিন্ন স্টলে ঘুরে ঘুরে বাংলাদেশি পণ্য দেখেন এবং বাংলাদেশি খাবার আনন্দন করতে করতে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।

বাংলাদেশ উৎসব উপলক্ষ্যে স্থাপিত দূতাবাস স্টলটি জাতির পিতার ছবি, বাংলাদেশের উন্নয়নের চিত্র সম্বলিত পোস্টার, ব্যানার, ফেস্টুনে সজ্জিত করা হয়। এতে সরকারের উন্নয়ন কার্যক্রম, মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ এবং ভিশন-২০৪১সহ শিক্ষা, কৃষি, স্বাস্থ্য যোগাযোগ, আইসিটি, টেলিকমিউকেশন, নারীর ক্ষমতায়ন, এমডিজিতে বাংলাদেশের সাফল্য, দারিদ্রদূরীকরণের মত আর্থ-সামাজিক উন্নয়নকে তুলে ধরা হয়। এছাড়া, কূটনৈতিক ক্ষেত্রে বাংলাদেশের অর্জন, বহির্বিশ্বে বলিষ্ঠ উপস্থিতিসহ গতিশীল পররাষ্ট্রনীতিকেও উপস্থাপন করা হয়।

গ্রিসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তাঁর স্বাগত বক্তব্যে বাংলাদেশ উৎসবে আগত কূটনীতিক, গ্রিক এবং বাংলাদেশি অতিথিদেরকে বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য এবং আর্থ-সামাজিক উন্নয়ন সম্পর্কে অবহিত করেন। রাষ্ট্রদূত বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ উন্নত দেশ হবার পথে এগিয়ে যাচ্ছে। তিনি প্রবাসীদের এই উন্নয়ন অগ্রযাত্রায় সক্রিয় ভাবে সামিল হতে আহ্বান জানান এবং তিনি সকলকে এই মনোরম বিকালে বাংলাদেশি সংস্কৃতির দোলা ও বৈচিত্রপূর্ণ বাঙালি খাদ্যের আনন্দ গ্রহণের আমন্ত্রণ জানান।

করোনা কালীন দীর্ঘ লকডাউন ও নিষেধাজ্ঞার পর দূতবাস কর্তৃক আয়োজিত এই উৎসব গ্রিস প্রবাসী বাংলাদেশিদের মধ্যে বিপুল উদ্দীপনার সঞ্চার করেছে এবং সবার মাঝে আনন্দ, সৌহার্দ্য আর সম্প্রীতি আরো সুদৃঢ় করবে বলে সবাই প্রত্যাশা ব্যক্ত করেন।



এথেন্স, ২৪ অক্টোবর ২০২১

“মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি”